ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩০৬

জিরানীয়া,১৮ অক্টোবর,২০২৫

**মুখ্যমন্ত্রী প্রাণী সম্পদ বিকাশ যোজনায় জিরানীয়া মহকুমায় ১৬৬টি পরিবারকে হাঁস পালনে সহায়তা**

মুখ্যমন্ত্রী প্রাণী সম্পদ বিকাশ যোজনায় ২০২৫-২৬ অর্থবছরে জিরানীয়া মহকুমায় ১৬৬টি পরিবারকে হাঁস পালনে সহায়তা করা হয়েছে। এরমধ্যে জিরানীয়া ব্লকে ৩৪টি, পুরাতন আগরতলা ব্লকে ৪৪টি, মান্দাই ব্লকে ২৭টি, বেলবাড়ি ব্লকে ২৭টি, জিরানীয়া নগর পঞ্চায়েত এলাকায় ১৭টি এবং রাণীরবাজার পুর পরিষদ এলাকায় ১৭টি পরিবার রয়েছে। এই কর্মসূচিতে প্রত্যেক সুবিধাভোগীকে হাঁস পালনের জন্য ২০টি করে উন্নত প্রজাতির হাঁসের ছানা, খাদ্য ও হাঁস পালনের অন্যান্য আনুষঙ্গিক সামগ্রী প্রদান করা হয়ছে। তাতে প্রত্যেক সুবিধাভোগী পিছু ৩২০০টাকা করে ব্যয় হয়েছে। মোট ব্যয় হয়েছে ৫লক্ষ ৩১ হাজার ২০০টাকা। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের জিরানীয়া সহ-অধিকর্তার কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****